



# ইসলামিক ফাউন্ডেশন

## সমন্বয় বিভাগ

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

স্মারক নম্বর ১৬.০১.০০০০.০০৫.০৩.০৬০.২৪.১৭১৬

তারিখ: ১৬ জানুয়ারি ২০২৫

বিষয়: ২০২৪-২০২৫ অর্থ বছরের বিভাগীয় ও জেলা পর্যায়ের সীরাত প্রতিযোগিতা বাস্তবায়ন।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব, বিশ্ব মানবতার মুক্তির দিশারী হযরত মুহাম্মদ (সা) এর জীবনী সম্পর্কে জানার জন্য ইসলামিক ফাউন্ডেশন প্রথমবারের মতো দেশব্যাপী আয়োজন করতে যাচ্ছে সীরাত প্রতিযোগিতা। এ প্রতিযোগিতা জেলা পর্যায় থেকে শুরু হবে। জেলা পর্যায়ের বিজয়ী প্রতিযোগীগণ বিভাগীয় পর্যায়ে ও বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। গত ২৬ ডিসেম্বর ২০২৪ তারিখ অনুষ্ঠিত ইসলামিক ফাউন্ডেশনের ১৯৯তম মাসিক সমন্বয় সভায় সীরাত প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

‘২০২৪-২৫ অর্থবছরের সীরাত প্রতিযোগিতার জেলা ও বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা জরুরিভিত্তিতে বাস্তবায়ন করতে হবে।’

২। এমতাবস্থায়, ২০২৪-২৫ অর্থবছরের সীরাত প্রতিযোগিতার বিভাগীয় ও জেলা পর্যায়ের প্রতিযোগিতা নিম্নরূপ নিয়মাবলী, নির্দেশনা ও বাজেট অনুযায়ী বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### সীরাত প্রতিযোগিতার গুণ

ক্রম	গুণ	বিবরণ	বয়সসীমা
১	ক	৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থী	অনুর্ধ্ব ১৫ বছর
২	খ	৯ম থেকে ১২শ শ্রেণি পর্যন্ত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থী	অনুর্ধ্ব ১৯ বছর
৩	গ	বিশ্ববিদ্যালয় পর্যায়ের জেনারেল ও মাদ্রাসা শিক্ষার্থী	অনুর্ধ্ব ২৭ বছর

### প্রতিযোগিতার জন্য নির্বাচিত সীরাত গ্রন্থ


গুণ	বইয়ের নাম	মূল লেখক
ক	নবীয়ে রহমত	সাইয়েদ আবুল হাসান আলী নভদী
খ	সীরাতুল মুস্তাফা ১ম-৩য় খন্ড	আল্লামা ইদরীস কাকলভী
গ	১) সীরাতে ইবনে হিশাম	আবু মুহাম্মদ আব্দুল মালেক ইবনে হিশাম ইবনে আইয়ুব
	২) আর রাহীকুল মাখতুম	আল্লামা সফিউর রহমান মোবারকপুরী

### প্রতিযোগিতা বাস্তবায়নের সমন্বয় কর্মপরিকল্পনা

ক্রম	প্রতিযোগিতার স্থান	প্রতিযোগিতার সময়
১	প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিবন্ধন	১২ জানুয়ারি-২৭ ফেব্রুয়ারি ২০২৫
২	৬৪ জেলা পর্যায়ের প্রতিযোগিতা	১৫-৩০ এপ্রিল ২০২৫
৩	৮টি বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা	১-১৫ মে ২০২৫
৪	জাতীয়ভাবে চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা	১৬-৩০ মে ২০২৫ (সম্ভাব্য)

প্রতিযোগিতার নিয়মাবলী

১।	প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু ছাত্র-ছাত্রীদের ১২ জানুয়ারি থেকে ২৭ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ইসলামিক ফাউন্ডেশনের স্ব স্ব জেলা কার্যালয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে।
২।	সীরাত প্রতিযোগিতায় প্রতিযোগী প্রেরণের জন্য স্ব স্ব জেলায় অবস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে পত্র প্রদান করতে হবে।
৩।	নিবন্ধনকৃত প্রতিযোগীদের নিয়ে জেলা পর্যায়ে সুবিধাজনক সময়ে সীরাত আলোচনার আয়োজন করতে হবে।
৪।	সম্ভব হলে একই জেলার প্রতিযোগীদের নিয়ে জেলা সদরে সীরাত স্টাডি সার্কেল তৈরি করা যেতে পারে।
৫।	জেলা পর্যায়ের প্রতিযোগিতা সারাদেশে একযোগে একইদিনে অনুষ্ঠিত হবে।
৬।	জেলা পর্যায়ের প্রতিযোগিতার জন্য প্রধান কার্যালয় থেকে প্রশ্নপত্র সরবরাহ করা হবে। পরীক্ষা শুরুর ১ ঘন্টা পূর্বে জেলা কার্যালয়কে প্রশ্নপত্র সরবরাহ করা হবে। জেলা কার্যালয় ওইদিনই পরীক্ষা ফলাফল প্রকাশ ও বিজয়ী প্রতিযোগীদের নাম ঘোষণা করবে।
৭।	পরীক্ষার প্রশ্ন এমসিকিউ ও সংক্ষিপ্তাকারে হবে।
৮।	জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীদের ফ্রেস্ট, পুরস্কার ও সনদপত্র প্রদান করতে হবে।।
৯।	জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীদের নিয়ে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতাও অনুরূপভাবে অনুষ্ঠিত হবে।
১০।	সীরাত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল প্রতিযোগীর তথ্য সংশ্লিষ্ট অফিসে যথাযথভাবে সংরক্ষণ রাখতে হবে।
১১।	জাতীয় পর্যায়ে সীরাত প্রতিযোগিতার প্রথম পুরস্কার ৫০ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ৪৫ হাজার টাকা ও তৃতীয় পুরস্কার ৪০ হাজার টাকাসহ ফ্রেস্ট ও সনদপত্র।
১২।	বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীদের ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ নামের তালিকা ১৫ মে ২০২৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।

  
০৬.১.২০২৫  
মোঃ মহিউদ্দিন  
পরিচালক


- ১। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), ইসলামিক ফাউন্ডেশন।  
২। উপ-পরিচালক, জেলা কার্যালয় (সকল), ইসলামিক ফাউন্ডেশন।

ফোন: ০২২২২২১৮২৮১  
ifacoordination@gmail.com

স্মারক নম্বর ১৬.০১.০০০০.০০৫.০৩.০৬০.২৪.১২১৬ (৬)  
অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হলো।

তারিখ: ০৬ জানুয়ারি ২০২৫

- ১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।  
২। সচিব, ইসলামিক ফাউন্ডেশন।  
৩। সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।  
৪। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন।  
৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, ইসলামিক ফাউন্ডেশন।

  
০৬.১.২৫  
মুহাম্মদ নিজাম উদ্দিন  
উপ-পরিচালক  
ফোন : ০২২২২২১৮২৭২